Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## The Bangladesh Today



**Deputy Head of Mission of the Embassy of Palestine in Bangladesh Ziad M. H. Hamad paid a courtesy call on Dhaka University Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan yesterday at the latter's office of the university. Photo : Courtesy**

# Palestinian diplomat paid a courtesy call on DU VC

Deputy Head of Mission of the Embassy of Palestine in Bangladesh Ziad M. H. Hamad paid a courtesy call on Dhaka University (DU) Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan yesterday at the latter's office of the university.

Treasurer of DU Prof. Dr. M. Jahangir Alam Chowdhury, Provost of Shamsun-nahar Hall Prof.Dr. Nasrin Sultana and Director of International Affairs Office Prof. Dr. SyedaRozana Rashid were present on this occasion.

During the meeting they exchanged views regarding various issues including admission of Palestinian students at Dhaka University as well as granting scholarship to them.Palestinian diplomatsought cooperation from DU authorities in providing scholarship as well as waiver of tuition fees to Palestine students.

Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan assured the diplomat ofproviding all possiblesupport in this regard.

## The Country Today

CAMPUS CORNER



Technical inspection, monitoring of DU residential halls

# Central Coordination Committee, 4 sub-committees formed

DU Correspondent

An emergency meeting on damage assessment and risk assessment of various buildings including residential halls and academic buildings of Dhaka University following the earthquake was held on Sunday in the meeting room adjacent to the Vice-Chancellor's Office. Dhaka University Vice-Chancellor Prof Dr. Niaz Ahmed Khan presided over the meeting.

Pro-Vice Chancellor (Admin) Prof Dr. Saima Haque Bidisha, Pro-Vice Chancellor (Education) Professor Dr. Mamun Ahmed, Treasurer Professor Dr. M. Jahangir Alam Chowdhury, BUET Continued to page 2

### Central Coordination

Prof Dr. Ishtiaq Ahmed, Proctor Associate Prof Saifuddin Ahmed, Convener of the Provost Standing Committee Dr. Abdullah-al-Mamun, Provost of Haji Muhammad Muhsin Hall Prof Dr. Md. Sirajul Islam, Provost of Shaheed Sergeant Zahurul Haque Hall Prof Dr. Md. Faruk Shah, Acting Registrar Munshi Shams Uddin Ahmed, Acting Director of Planning and Development Office, Acting Chief Engineer, Accounts Director, Estate Manager and leaders of DUCSU and Hall Sangsad were present in the meeting.

## প্রতিদিনের বাংলাদেশ

# ঢাবি হলের কারিগরি নিরীক্ষণে সেন্ট্রাল কো-অর্ডিনেশন কমিটি

ঢাবিতে জরুরি সভা

ঢাবি প্রতিনিধি »

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হল ও ভবনের কারিগরি নিরীক্ষণ, মূল্যায়ন ও নজরদারির জন্য কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরীকে সভাপতি করে সেন্ট্রাল কো-অর্ডিনেশন কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। কমিটির অধীনে কাজ তদারকিতে আরও ৪টি সাব-কমিটিও করা হয়েছে।

গত রোববার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কার্যালয় সংলগ্ন সভাকক্ষে আবাসিক হল ও একাডেমিক ভবনসহ বিভিন্ন ভবনের ক্ষতি নিরূপণ ও ঝুঁকি পর্যালোচনাবিষয়ক এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভাপতিত্ব করেন। সভায় ভূমিকম্প-পরবর্তী বিভিন্ন আবাসিক হল ও ভবনের কারিগরি নিরীক্ষণ, মূল্যায়ন ও মনিটরিংয়ের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরীকে সভাপতি করে সেন্ট্রাল কো-অর্ডিনেশন কমিটি গঠন করা হয়েছে। সেন্ট্রাল কো-অর্ডিনেশন কমিটি অধীনে ৪টি সাব-কমিটিও গঠন করা হয়েছে। বুয়েটের বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত এসব সাব-কমিটি দ্রুততম সময়ের মধ্যে আবাসিক হল ও ভবনগুলো পরিদর্শন, কারিগরি নিরীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম সমাপ্ত করবে। পরিদর্শন শেষে কারিগরি মূল্যায়ন প্রতিবেদন সবার জন্য উন্মুক্ত করা হবে। এ সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন প্রকৌশল দপ্তর ও সংশ্লিষ্ট হলে সংরক্ষিত থাকবে। কারিগরি মূল্যায়নে ভবনের ঝুঁকিপূর্ণ বিষয় চিহ্নিত হলে শিক্ষার্থীদের অন্যত্র সরিয়ে নেওয়ার ব্যবস্থা করা হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষকে সভাপতি করে গঠিত সেন্ট্রাল কো-অর্ডিনেশন কমিটির সদস্যরা হলেন— প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, সলিমুল্লাহ মুসলিম হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুন, শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. ফারুক শাহ , পরিকল্পনা ও উন্নয়ন অফিসের পরিচালক, প্রধান প্রকৌশলী, হিসাব পরিচালক এবং ডাকসুর ভিপি/তার প্রতিনিধি। বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মিরাজুল হুদা কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

প্রতিদিনের সংবাদ



ভূমিকম্প পরবর্তী পরিস্থিতি নিরীক্ষণে বুয়েটের একজন বিশেষজ্ঞ সদস্যের সমন্বয়ে প্রকৌশলীদল গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল পরিদর্শন করেন
● প্রতিদিনের সংবাদ

### ভূমিকম্পে ঢাবির হলে ক্ষয়ক্ষতি

# কারিগরি নিরীক্ষণ, মূল্যায়ন ও মনিটরিংয়ে কমিটি

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল ও একডেমিক ভবনসহ বিভিন্ন ভবনে ভূমিকম্পের ক্ষয়ক্ষতি নিরূপণ ও ঝুঁকি পর্যালোচনায় কমিটি গঠিত হয়েছে। গতকাল উপাচার্য কার্যালয় সংলগ্ন সভাকক্ষে এক জরুরি বৈঠকে একটি সেন্ট্রাল কো-অর্ডিনেশন কমিটি এবং চারটি সাব কমিটি গঠন করা হয়।

ভূমিকম্প পরবর্তী বিভিন্ন আবাসিক হল ও ভবনের কারিগরি নিরীক্ষণ, মূল্যায়ন ও মনিটরিংয়ের জন্য উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে সভায় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, বুয়েটের অধ্যাপক ড. ইশতিয়াক আহমেদ, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক ড. আব্দুলাহ্-আল-মামুন, হাজী মুহম্মদ মুহসীন হলের প্রভোস্ট অধ্যাপক ড. মো. সিরাজুল ইসলাম, শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রভোস্ট অধ্যাপক ড. মো. ফারুক শাহ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ, পরিকল্পনা ও উন্নয়ন অফিসের ভারপ্রাপ্ত পরিচালক, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী, হিসাব পরিচালক, এস্টেট ম্যানেজার এবং ডাকসু ও হল সংসদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় ভূমিকম্প পরবর্তী বিভিন্ন আবাসিক হল ও ভবনের কারিগরি নিরীক্ষণ, মূল্যায়ন ও মনিটরিংয়ের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরীকে সভাপতি করে সেন্ট্রাল কো-অর্ডিনেশন কমিটি ■ এরপর পৃষ্ঠা ১১ কলাম ২

## কারিগরি নিরীক্ষণ, মুল্যায়ন ও মনিটারিংয়ে

■ ১২ পৃষ্ঠার পর

গঠন করা হয়েছে। সেন্ট্রাল কো-অর্ডিনেশন কমিটি অধীনে ৪টি সাব-কমিটিও গঠন করা হয়েছে। বুয়েটের বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত এসব সাব-কমিটি দ্রুততম সময়ের মধ্যে আবাসিক হল ও ভবনসমূহ পরিদর্শন, কারিগরি নিরীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম সমাপ্ত করবে। পরিদর্শন শেষে কারিগরি মূল্যায়ন প্রতিবেদন সকলের জন্য উন্মুক্ত করা হবে। এ সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন প্রকৌশল দপ্তর ও সংশ্লিষ্ট হলে সংরক্ষিত থাকবে। কারিগরি মূল্যায়নে ভবনের ঝুঁকিপূর্ণ বিষয় চিহ্নিত হলে শিক্ষার্থীদের অন্যত্র সরিয়ে নেওয়ার ব্যবস্থা করা হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষকে সভাপতি করে গঠিত সেন্ট্রাল কো-অর্ডিনেশন কমিটির সদস্যরা হলেন প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, সলিমুল্লাহ মুসলিম হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. আব্দুলাহ্-আল-মামুন, শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. ফারুক শাহ , পরিকল্পনা ও উন্নয়ন অফিসের পরিচালক, প্রধান প্রকৌশলী, হিসাব পরিচালক এবং ডাকসু'র ভিপি/তার প্রতিনিধি। বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মিরাজুল হুদা কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

## The Daily Campus

# ছাত্রদল নেতা হামিমসহ দুইজনকে হাসপাতালে দেখতে গেলেন ঢাবি উপাচার্য

২৪ নভেম্বর ২০২৫, ২২:৪৫



হামিমকে দেখতে হাসপাতালে উপাচার্য © সৌজন্য প্রাপ্ত

**ভূমিকম্পে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) আবাসিক হলে সিঁড়িতে আহত হওয়া ছাত্রদল নেতা শেখ তানভীর বারী হামিমকে দেখতে হাসপাতালে গেলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। আজ সোমবার (২৪ নভেম্বর) হাসপাতালে গিয়ে খোঁজখবর নেন তিনি।**

হামিম বিগত ডাকসু নির্বাচনে ছাত্রদল মনোনীত জিএস প্রার্থী ছিলেন। ভূমিকম্পের ঘটনায় আবাসিক হলের সিঁড়িতে আহত হয়ে বর্তমানে তিনি রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

এর আগে উপাচার্য ভূমিকম্পের ঘটনায় আহত হাজী মুহম্মদ মুহসীন হলের শিক্ষার্থী তানজির হোসেনকে দেখতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে যান। উপাচার্য আহত শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন এবং তাদের চিকিৎসা ও শারীরিক অবস্থার খোঁজ-খবর নেন। তিনি তাদের দ্রুত সুস্থতা কামনা করেন।

এছাড়া, উপাচার্য বিজয় একাত্তর হলে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণের ঘটনাস্থল পরিদর্শন করেন।